দৈনিক
ইনকিলাব

তারিখ ... 17 NOV 2006 ...
পৃষ্ঠা ১১ কলাম ২

# চবি খোলার প্রথম দিনেই ক্যাম্পাসে ছাত্রলীগের বিশাল শো-ডাউন

## শিবির সন্ত্রাসীদের হাত থেকে ক্যাম্পাস মুক্ত করার ঘোষণা

চবি সংবাদদাতা : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলার প্রথম দিনে পাল্টা পাল্টি শো-ডাউন করেছে ছাত্রলীগ ও ছাত্রশিবির। দীর্ঘ ৫ বছর পর গতকাল (বৃহস্পতিবার) ক্যাম্পাসের ভিতরে বিশাল মিছিল ও সমাবেশ করে ছাত্রলীগ। ক্যাম্পাসে সাধারণ শিক্ষার্থী তেমন দেখা না গেলেও নিরাপত্তা কর্মীদের টহল ছিল চোখে পড়ার মত। তত্ত্বাবধায়ক সরকারের আমলে বিশ্ববিদ্যালয় খোলার প্রথম দিনই ছাত্রলীগ ক্যাম্পাস দখলে নেয়ার ঘোষণা দেয়। এর প্রেক্ষিতে ক্যাম্পাসে নিজেদের আধিপত্য বজায় রাখতে সকাল ৬টা থেকেই বিশ্ববিদ্যালয়ের ১নং গেইট, ১নং সড়ক মাজার, স্টেশন, ২নং গেইটসহ বিভিন্ন জায়গায় পাহারা দিতে থাকে শিবিরের সশস্ত্র ক্যাডার বাহিনী। শিবিরের সশস্ত্র [illegible] মধ্যে বেলা সাড়ে ১১টায় [illegible] এবং ম্যাক্সিতে ক্যাম্পাসে আসে ছাত্রলীগের প্রায় ৩ শতাধিক নেতাকর্মী। বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং পুলিশের মধ্যস্থতায় উভয় দলের সভাপতি, সাধারণ সম্পাদক কোলাকুলি করে। যা দেখে অনেকটা বিস্মিত হয়েছে উপস্থিত নেতাকর্মী ও সাধারণ শিক্ষার্থীরা। তার পরেই চিরসবুজ ক্যাম্পাসে প্রবেশ করে ছাত্রলীগ। তারপর একটি বিশাল মিছিল কাটা পাহাড়ের রাস্তা হয়ে বুদ্ধিজীবি চত্বর, চাকসু ভবন, বিজ্ঞান অনুষদ প্রদক্ষিণ শেষে প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ করে। ছাত্রলীগের সিনিয়র সহ-সভাপতি আবুল মনসুর জামসেদের সভাপতিত্বে অনুষ্ঠেয় সমাবেশে বক্তব্য রাখেন- সাধারণ সম্পাদক মোঃ এরশাদ হোসেন, সাইফুদ্দিন মাহমুদ সোহাগ, মাজেদুর রহমান রাজু, আনিসুজ্জামান ইমন, জয়নাল আবেদীন, দেলোয়ার আহমেদ বিদ্যুৎ, উৎপল অধিকারী [illegible]সহ অনেকে। নেতৃবৃন্দ অতিসত্বর ক্যাম্পাস ও আবাসিক হলসমূহ শিবির সন্ত্রাসীদের হাত থেকে মুক্ত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে। অন্যদিকে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা এবং ছাত্রলীগের সহিংসতা প্রতিরোধে মিছিল ও সমাবেশ করে শিবির। তারা স্টেশন চত্বরও স্টেশন চত্বর গেইটে মিছিল করে। তারপর সভাপতি মেসবাহ উদ্দিন আহমেদ নাঈমের সভপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন- সেক্রেটারী আহমদ শিহাব উল্লাহ, হাসান আলী, আরিফ মঈন উদ্দিনসহ অনেক। তবে ছাত্রদলকে প্রথমে ক্যাম্পাসে দেখা না গেলেও পরবর্তীতে দুপুর ১টার সময় ২০/২৫ জন শিবিরের সন্ত্রাসী নিয়ে মিছিল করে।